# হাদি হত্যাচেষ্টার বিচার চেয়ে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম: ডাকসু ভিপির



সংগৃহীত ছবি

হাদি হত্যাচেষ্টার ঘটনায় দোষীদের গ্রেপ্তার ও আইনশৃঙ্খলার দৃশ্যমান উন্নতির দাবি জানিয়ে সরকারকে ৪৮ ঘণ্টার সময় বেঁধে দিয়েছেন ডাকসু ভিপি সাদিক কায়েম। নির্ধারিত সময়ের মধ্যে দাবি পূরণ না হলে স্বরাষ্ট্র, আইন ও পররাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ দাবিতে আন্দোলনে যাওয়ার ঘোষণা দেন তিনি।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান সাদিক কায়েম। বক্তব্য দেওয়ার সময় স্বরাষ্ট্র উপদেষ্টা তার পাশেই উপস্থিত ছিলেন।

তিনি বলেন, ওসমান হাদির ওপর হামলায় জড়িত প্রত্যক্ষ ও পরোক্ষ সবাইকে দ্রুত গ্রেপ্তার করতে হবে। একই সঙ্গে গোয়েন্দা সংস্থা ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর গাফিলতি তদন্ত করে দায়ীদের আইনের আওতায় আনতে হবে। হামলার পক্ষে পরিবেশ তৈরিকারীদের সামাজিকভাবে বর্জনেরও দাবি জানান তিনি।

দ্বিতীয় দাবিতে তিনি নিষিদ্ধ আওয়ামী লীগের বিরুদ্ধে অবিলম্বে এলাকাভিত্তিক অভিযান শুরু, সব সন্ত্রাসী গ্রেপ্তার এবং অবৈধ অস্ত্র উদ্ধারের আহ্বান জানান।

শেষ দাবিতে শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে মানবতাবিরোধী অপরাধের রায় কার্যকর এবং অভিযুক্তদের আশ্রয় দেওয়ার প্রতিবাদে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক পুনর্বিবেচনার কথা বলেন ডাকসু ভিপি।

LENS ASIA